# IRIS GROUP

*Zirani, Kashimpur, Joydevpur, Gazipur*

## মানবাধিকার ও ব্যবসা নীতি

## (Human Rights & Business Principle _ Business Ethics Policy)

মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন আইরিশ গ্রুপের ব্যবসায়িক স্থায়িত্বের মৌলিক ভিত্তি। আইরিশ গ্রুপ বিশ্বাস করে যে তার ও সহযোগী ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী বা শ্রমিকদের যথাযথ মর্যাদা ও সম্মান নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আইরিশ গ্রুপ মানবাধিকার ও ব্যবসা নীতিতে **বাংলাদেশ শ্রম আইন,** আর্ন্তজাতিক মানবাধিকার সংস্থার **'ইউনিভার্সাল ডিক্লারেশন অব হিউম্যান রাইটস্'**, আর্ন্তজাতিক শ্রম সংস্থার (আইএলও) **'ডিক্লারেশন অন ফান্ডামেন্টাল প্রিন্সিপ্যাল এন্ড রাইট এট ওর্য়াক'**, জাতিসংঘের **'গ্লোবাল কম্প্যাক্ট ও প্রিন্সিপ্যাল অন বিজনেস এন্ড হিউম্যান রাইটস্'** অনুসরণ করে।

আইরিশ গ্রুপ মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে মানবাধিকার চিহ্নিতকরণ, প্রতিকার এবং ব্যবসায়িক নীতিতে মানবাধিকারকে অগ্রাধিকার প্রদান করে এবং মানবাধিকার লজ্ঘন না হয় এ বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ।

**প্রচলিত আইন (Conventional Law):** আইরিশ গ্রুপ কর্তৃপক্ষ ও তার ব্যবসায়ী সহযোগী প্রতিষ্ঠান সমূহে অবশ্যই দেশের প্রচলিত প্রযোজ্য আইন অনুসরণ করবে। যদি বিশেষ কোন ক্ষেত্রে দেশীয় আইন প্রযোজ্য না হলে আন্তর্জাতিক আইন যেমন ILO ও UN কনভেনশন মেনে চলবে।

### সম-অধিকার (Equal Rights)

আইরিশ কর্তৃপক্ষ ও তার ব্যবসায়ী সহযোগী প্রতিষ্ঠান সমূহ শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের- তাদের যোগ্যতা, মেধার ভিত্তিতে নিয়োগ ও মূল্যায়ণ করবে এবং সম-অধিকার প্রতিষ্ঠা ও যে কোন ধরণের বৈষম্য বা হয়রানী প্রতিরোধে সচেষ্ঠ থাকবে। জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধি, বয়স, গর্ভধারণ বা রাজনৈতিক মতাদর্শের ভিত্তি ইত্যাদির কারণে কোন প্রকার বৈষম্য বা হয়রানীমুলক আচরণ করবে না। প্রতিষ্ঠানে কর্মরত সকলের নিয়োগ, মূল্যায়ন, প্রশিক্ষণ, পদোন্নতি, বেতনবৃদ্ধি বা অন্যান্য সুবিধাদী তাদের যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতার উপর ভিত্তি করে করবে। কারোও প্রতি অবজ্ঞা বা হেয় প্রতিপন্ন করা, বৈষম্য বা হয়রানি কোন অবস্থাতেই আইরিশ গ্রুপ কর্তৃপক্ষ সর্মথন করবে না। আইরিশ কর্তৃপক্ষ তার কারখানার নিয়োগের ক্ষেত্রে এর নিয়োগপ্রার্থী ও নিয়োগকর্তার যৌথ সমর্থনের মাধ্যমে শ্রম আইন মোতাবেক চাকুরীর নির্ধারিত শর্তাবলী মেনে চাকুরীতে নিয়োগ প্রদান করবে।

### সংগঠন ও যৌথ দরকষাকষির স্বাধীনতা (Collective Bargaining & Freedom of Associations)

আইরিশ কর্তৃপক্ষ সকলের অধিকার এবং ব্যক্তি স্বাধীনতায় শ্রদ্ধাশীল। আর তাই স্বেচ্ছায় যে কোন আইন স্বীকৃত বা বৈধ সংগঠন, অংশগ্রহণকারী কমিটি বা যৌথ দরকষাকষি দলে যোগদান করার স্বাধীনতা নিশ্চিত করবে। এ ব্যপারে কর্তৃপক্ষ শ্রমিক, কর্মচারী বা কর্মকর্তাদের ব্যক্তি স্বাধীনতাকেই প্রাধান্য দেবে এবং কোন ধরণের ভয়ভীতি, হয়রানী, প্রতিহিংসা বা হস্তক্ষেপ করবে না বা কর্তৃপক্ষ কর্তৃক কোনপ্রকার শাস্তিমুলক অথবা বৈষম্যমুলক আচরণ করবে না। কর্তৃপক্ষ নির্বাচিত প্রতিনিধিদের সাথে গঠনমূলক সংলাপ করতে বদ্ধ পরিকর এবং সরল বিশ্বাসে দরকষাকষি করতে প্রতিশ্রুতিবদ্ধ।

### বাধ্যতামুল জোরপূর্বক শ্রম ও মানব পাচার (Force Labor & Human Trafficking)

আইরিশ কর্তৃপক্ষ বা তার কোন ব্যবসায়িক প্রতিষ্ঠানে কোন ধরনের বাধ্যতামুলক জোরপূর্বক শ্রম যেমন- কারাগার শ্রমিক, চুক্তিভিত্তিক শ্রমিক, দাস বা সামরিক শ্রম, মানব পাচার শ্রমিক, বাধ্যতামুলক শ্রমিক ইত্যাদি কখনই সর্মথন করে না। কর্মস্থলে কোন প্রকার শারীরিক নির্যাতন, যৌন বা অন্যান্য হয়রানী, মৌখিক গালিগালাজ বা অন্য কোনভাবে ভয় দেখিয়ে কাজে যোগদান সম্পূর্ণভাবে নিষিদ্ধ। আইরিশ কর্তৃপক্ষ তার যে সকল সহযোগী প্রতিষ্ঠানে বাধ্যতামুলক জোরপূর্বক শ্রম ও মানব পাচার করে থাকে তাদের সাথে ব্যবসায়িক সর্ম্পক ছিন্ন করবে।

### শিশু ও কিশোর শ্রম (Child & Jubenile worker Labor)

আইরিশ গ্রুপ বা তার সহযোগী ব্যবসা প্রতিষ্ঠানে শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। তবে প্রয়োজনে কিশোর শ্রমিক নিয়োগ করা হলে কোন প্রকার বিপজ্জনক কাজে নিয়োগ করবে না এবং আইন অনুযায়ী প্রাপ্ত বিশেষ সুবিধা ও নিরাপত্তা প্রদানে প্রতিশ্রতিবদ্ধ।

### নিরাপদ ও সুস্থ কর্মপরিবেশ (Safe & Health Working Condition)

নিরাপদ ও সুস্থ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে আইরিশ কর্তৃপক্ষ দেশে প্রচলিত স্বাষ্থ্য ও নিরাপত্তা আইন, বিধিবিধান ও আভ্যন্তরীণ প্রয়োজনীয়তা মেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উৎপাদনশীল কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে অগ্নিকান্ড বিষয়ক নিরাপত্তা, নিরাপদ ভবন ও পেশাগত নিরাপত্তা, আঘাত বা স্বাষ্থ্য ঝুঁকি কমিয়ে রাখতে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কর্মক্ষেত্রে যে কোন ধরণের স্বাষ্থ্য ঝুঁকি ক্রমাগত কমিয়ে কর্মীদের উন্নত ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে আইরিশ গ্রুপ প্রতিশ্রুতিবদ্ধ।

IRIS GROUP

# (Human Rights & Business Principle  Business Ethics Policy)

## কর্মক্ষেত্রে নিরাপত্তা (Work Place Safety)

কর্মক্ষেত্রে সহিংসতা, হয়রানি, ভয়-ভীতি প্রদর্শন এবং আভ্যন্তরীণ ও বহিরাগত যে কোন ধরণের হুমকি বা অন্যান্য অনিরাপদ বা সহিংসতা মুক্ত কর্ম পরিবেশ নিশ্চিত করতে আইরিশ অঙ্গিকারবদ্ধ। পাশাপাশি তার সহযোগী ব্যবসা প্রতিষ্ঠান সমূহের কোন প্রকার অনিরাপদ কর্মপরিবেশ সর্মথন করে না। কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তাকর্মী, নিরাপত্তা ক্যামেরা ও অন্যান্য নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহন করবে এবং শ্রমিক, কর্মচারীদের যে কোন তথ্য মর্যাদা এবং সম্মানের সাথে বজায় রাখবে।

## কর্মঘন্টা, মজুরী ও অন্যান্য সুবিধা (Working Hour, Wage & Benefits)

আইরিশ গ্রুপ ও তার সহযোগী প্রতিষ্ঠান সমূহ স্থানীয় শ্রম বাজার ও শিল্প বাণিজ্যের উপর ভিত্তি করে প্রতিযোগিতামূলক ভাবে শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের সুযোগ সুবিধা প্রদান করবে। দেশে প্রচলিত আইন অনুযায়ী মজুরি নির্ধারন, কর্মঘন্টা, ওভারটাইম, ছুটি ও অন্যান্য আইনগত বাধ্যতামুলক আর্থিক বা অনার্থিক সুযোগ সুবিধা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। মজুরী বা প্রদত্ত সুবিধা হতে কোনপ্রকার আইন বর্হিভুত কর্তন আইরিশ কর্তৃপক্ষ সমর্থন করে না।

## পরিবেশ সংরক্ষণ (Environmental protection)

আইরিশ গ্রুপ ও তার সহযোগী প্রতিষ্ঠান পরিবেশ সুরক্ষায় সচেতন ভূমিকা পালন করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং দেশের প্রচলিত আইন ও বিধিমালা অনুসরণ করে।

**(ক) অনুমোদন ঃ** আইরিশ কর্তৃপক্ষ ও তার ব্যবসায়িক প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে সর্বদা পরিবেশ বিষয়ক ছাড়পত্র বা অনুমোদন নিয়ে কাজ করবে। এছাড়াও স্থানীয় আইন অনুযাযী যদি কোন অনুমোদন ও লাইসেন্স গ্রহণের প্রয়োজন হয় সেক্ষেত্রে তা গ্রহণ করবে।

**(খ) পানি, বিদ্যুৎ ও জ্বালানি ঃ** পানি, বিদ্যুৎ ও জ্বালানির ক্ষেত্রে আইরিশ কর্তৃপক্ষ সর্বদা সচেষ্ট থাকবে। প্রত্যেক ক্ষেত্রে কি পরিমান ব্যবহার করা হয়েছে মুল্যয়নের জন্য যথাযথ হিসাব সংরক্ষন, মনিটরিং এর ব্যবস্থা করবে। পাশাপাশি বায়ু দুষনের জায়গাগুলি চিহ্নিত করবে।

**(গ) রাসায়নিক ও বিপজ্জনক পদার্থ ঃ** আইরিশ কর্তৃপক্ষ ও তার ব্যবসায়িক প্রতিষ্ঠান সমূহ রাসায়নিক ও বিপজ্জনক পদার্থ সংরক্ষন, ব্যবহার, স্থানান্তর ইত্যাদির ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা ও ক্রেতা সাধারনের বিধিনিষেধ অনুসরণ করবে। রাসায়নিক ও বিপজ্জনক পদার্থ ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ, সংরক্ষন, ব্যবহারের ক্ষেত্রে- চিহ্নিতকরণ, প্রশিক্ষন, ঝুকি নির্ণয় ইত্যাদি করবে।

**(ঘ) বর্জ্য ঃ** আইরিশ কর্তৃপক্ষ ও তার সহযোগী প্রতিষ্ঠানে সাধারণ বর্জ্য ও ঝুকিপূর্ণ বর্জ্য চিহ্নিতকরণ সহ যথাযথভাবে ব্যবস্থাপনা করবে পরিবেশ দুষণ রক্ষায় আইরিশ ও তার সহযোগি প্রতিষ্ঠান সদা সচেষ্ট থাকবে।

## ব্যবসায়িক নৈতিকতা (Business Ethics)

আইরিশ গ্রুপ সততা, স্বচ্ছতার সাথে ব্যবসা কার্যক্রম পরিচালনায় প্রতিশ্রুতিবদ্ধ। আইরিশ গ্রুপ মনে করে তার সহযোগী প্রতিষ্ঠান সমূহ সততা ও বৈধতার সাথে ব্যবসায়িক সর্ম্পক বজায় রাখবে। ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা বা ব্যবসায়িক সুবিধা গ্রহণের জন্য যে কোন ধরণের দুর্নীতি পরায়ণ কাজ, অবৈধ্য লেনদেন বা ঘুষ, অবৈধ জুলুম, অর্থ আত্মসাত বা ব্যবসায়িক নীতি, ডিজাইন বা অন্যান্য তথ্য আদান প্রদান সম্পূর্ণ নিষিদ্ধ। আইরিশ কর্তৃপক্ষ  এ ধরণের কার্যক্রমকে কোন অবস্থাতেই সমর্থন করেন না।

আইরিশ কর্তৃপক্ষ উক্ত নীতিমালা মেনে চলেন এবং তার ব্যবসায়িক সহযোগী প্রতিষ্ঠানের কাছ থেকেও প্রত্যাশা করেন। উক্ত নীতিমালা লজ্ঘণ হলে আইরিশ কর্তৃপক্ষ লজ্ঘনকারী বা তার ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সহ ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করতে পারেন। এছাড়াও ব্যবসায়িক নৈতিকতা লজ্ঘনের ক্ষেত্রে যে কোন সময় ০১৮৩৩৩১৯৩৪৯ নম্বরে ফোন বা ক্ষুদে বার্তার মাধ্যমে করে অভিযোগ করতে পারবেন। সকল অভিযোগেই অনুসন্ধান করা হবে। অভিযোগ কারীর পরিচয় ও বক্তব্য গোপন রাখা হবে।

IRIS GROUP